লেন্স এশিয়া

১ ফেব্রুয়ারি, ২০২৬

# আপিল খারিজ, নির্বাচন করতে পারবে না হাসনাতের প্রতিদ্বন্দ্বী বিএনপি প্রার্থী



বিএনপি মনোনীত প্রার্থী মঞ্জুরুল আহসান মুন্সী। ছবি: সংগৃহীত

কুমিল্লা-৪ আসনে বিএনপির মনোনীত প্রার্থী মঞ্জুরুল আহসান মুন্সীর প্রার্থিতা ফেরাতে করা আবেদন খারিজ করেছে আপিল বিভাগ। ফলে আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে তার অংশ নেওয়ার সুযোগ থাকছে না বলে জানিয়েছেন আইনজীবীরা।

রোববার (১ ফেব্রুয়ারি) প্রধান বিচারপতির নেতৃত্বাধীন বেঞ্চ এ সিদ্ধান্ত দেন। এর আগে হাইকোর্ট তার মনোনয়ন বাতিল ঘোষণা করলে তিনি সেই রায়ের বিরুদ্ধে সর্বোচ্চ আদালতে আবেদন করেন।

অন্যদিকে কুমিল্লা-১০ আসনে ধানের শীষ প্রতীকের প্রার্থী মোবাশ্বের আলম ভূইয়ার আবেদন শুনানির জন্য গ্রহণ করা হয়েছে। আদালত তাকে নির্বাচনে অংশগ্রহণের অনুমতিও দিয়েছেন।

তবে একই আসনের প্রার্থী আবদুল গফুর ভূইয়ার করা আবেদন গ্রহণ করেননি আপিল বিভাগ। ফলে তিনিও নির্বাচনী প্রতিযোগিতার বাইরে থাকছেন।

LENS ASIA